

ধুনট পৌরসভা কার্যালয়

ধুনট, বগুড়া।

স্মারক নং ধুপস/প্রঃ-৩-২৪/২০২৪-৬৬৬

তারিখ : ১২/০৯/২০২৪ খ্রীঃ।

ঠিকাদার তালিকাভুক্তির (নতুন/নবায়ন) বিজ্ঞপ্তি (LTM) নং-০১/২০২৪-২০২৫।

ধুনট পৌরসভার সীমিত দরপত্র পদ্ধতির আওতায় দরপত্রে অংশগ্রহণের নিমিত্তে PPR-২০০৮ (সর্বশেষ সংশোধনীসহ) এর বিধি ৫২(৩) (ঙ) মোতাবেক ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য ঠিকাদারী লাইসেন্স নবায়ন এবং নতুন তালিকাভুক্তির জন্য ইচ্ছুক ব্যক্তিবর্গ/ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত আবেদন ফরমে নিম্নে উল্লিখিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে। আবেদন ফরম (মূল্য = ৫০০/- টাকা অফেরৎযোগ্য) নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয় হতে আগামী ১৫/০৯/২০২৪ ইং তারিখ হতে ৩০/০৯/২০২৪ ইং তারিখ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত আবেদন ফরম পাওয়া যাবে এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ : ০৭/১০/২০২৪ ইং।

ঠিকাদারের ধরন।	২৪/১০/২০২৪ ইং পর্যন্ত।	২৪/১০/২০২৪ ইং পর্যন্ত।	৫০% জরিমানা সহ ১০/১১/২০২৪ ইং পর্যন্ত।	১০০% জরিমানা সহ ২৫/১১/২০২৪ ইং পর্যন্ত।
সীমিত দরপত্র পদ্ধতির আওতায়	নতুন ফি ৫,০০০/-	নবায়ন ফি ২,০০০/-	নবায়ন ফি ৩,০০০/-	নবায়ন ফি ৪,০০০/-


শর্তাবলী :

ঠিকাদারী তালিকাভুক্তির (নতুন) ক্ষেত্রে :

- ১। পাসপোর্ট সাইজের ২ কপি ও স্ট্যাম্প সাইজের ০১ কপি রসিদ ছবি সত্যায়িত।
- ২। জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি, নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র।
- ৩। ভ্যাট রেজিস্ট্রেশন ও আয়কর (টি আই এন) সনদপত্রের সত্যায়িত কপি।
- ৪। ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক সলভেন্সি সনদপত্র ও বিগত বছরের পূর্ত কাজের সমাপ্তির সনদ পত্র (যদি থাকে) দাখিল করতে হবে।
- ৫। অত্র পৌরসভা হতে ২০২৪-২০২৫ ইং অর্থ বছরের ট্রেড লাইসেন্স দাখিল করতে হবে।
- ৬। অন্যান্য শর্তাবলী অফিস চলাকালীন সময়ে প্রকৌশল শাখা হতে জানা যাবে।

ঠিকাদারী লাইসেন্স নবায়নের ক্ষেত্রে :

ইতোপূর্বে যে সকল ঠিকাদারগণ লাইসেন্স নবায়নের জন্য নির্ধারিত ফি এবং প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদান করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।


(মোঃ নূরুল আমিন)

প্রশাসক

ধুনট পৌরসভা, বগুড়া।

ফোন- ০১৩২৪-১৭৭৯৯৯(অফিস)

ই-মেইল-dhunatpouira.bogra@gmail.com


স্মারক নং ধুপস/৩-২৪/২০২৪-

(৩২)

তারিখ : ১২/০৯/২০২৪ খ্রীঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, বগুড়া।
- ৩। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, বগুড়া।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া।
- ৫। উপজেলা প্রকৌশলী, ধুনট, বগুড়া।
- ৬। ----- কাউন্সিলর (সকল), ধুনট পৌরসভা, বগুড়া।
- ৭। পৌর নির্বাহী অফিসার, ধুনট পৌরসভা, বগুড়া।
- ৮। সহকারী প্রকৌশলী (সিভিল) (চঃ দাঃ), ধুনট পৌরসভা, বগুড়া।
- ৯। ঠিকাদার : মেসার্স -----, পোঃ মোঃ -----।
- ১০। নোটিশ বোর্ড, ধুনট পৌরসভা, বগুড়া।


প্রশাসক

ধুনট পৌরসভা, বগুড়া।